# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## গার্হস্থ্য বিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট | পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ কর্মব্যস্ত দিন শেষে সরকারি কর্মকর্তা শহিদুল আলম বাসায় ফিরে আর ব্যস্ততা দেখান না। বড় ছেলে তমালকে ডেকে নানা বিষয়ে পরামর্শ দেন। মেয়ে তমাকে পড়ার খোঁজখবর জিজ্ঞেস করেন এবং উৎসাহ প্রদান করেন। ছোট ছেলে রাহিদকে কোলে তুলে আদর করেন। স্ত্রী রওশন আরাকে সংসারের নানা বিষয়ে সাহায্য করেন।

ক. গৃহ ব্যবস্থাপক কাদের নানা কাজে উৎসাহ প্রদান করেন? ১

খ. গৃহ ব্যবস্থাপকের গুণগুলো ব্যাখ্যা করো। ২

গ. গৃহকর্তা হিসেবে শহিদুল আলমের বাড়ির কাজের ব্যাখ্যা দাও। ৩

ঘ. শহিদুল আলম যে দায়িত্ব পালন করছেন তার অভাবে অনেক গৃহেই শান্তি-শৃঙ্খলা নষ্ট হয়-বিশ্লেষণ করো। ৪

২.▶ রুবেল সাহেব একজন সরকারি কর্মকর্তা। তিনি চাকরির সুবাদে ঢাকা থেকে সিলেট বদলি হন। কিন্তু আসবাবপত্র যথাস্থানে রাখতে তার কোনো সমস্যা হয়নি। এমনকি তিনি তার গৃহকে আরও আকর্ষণীয় করতে নতুন কিছু আসবাবপত্রও কিনে আনেন।

ক. আসবাবপত্র কী? ১

খ. আসবাব নির্বাচনের বিবেচ্য বিষয় ব্যাখ্যা করো। ২

গ. রুবেল সাহেবের গৃহের জন্য আসবাবপত্র নির্বাচনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দিকগুলো ব্যাখ্যা করো। আছে কি? ৩

https://teachingbd24.com

ঘ. উল্লিখিত দিকগুলো ছাড়াও আরও বিবেচ্য বিষয় আছে কি? বিশ্লেষণ করো। ৪

৩.▶ তিন বছরের ছোট ছেলে জাওয়াদ। তার বাবা-মা চাকুরিজীবী। সে বড় হয় গৃহ পরিচারিকার কাছে। জাওয়াদ ছোটাছুটি করলে গৃহপরিচারিকা বিরক্ত হয়। ধমক দিয়ে কথা বলে। তার সাথে খেলতে অনাগ্রহ দেখায়। সে বেশির ভাগ সময়ই টিভিতে কার্টুন চালিয়ে তাকে বসিয়ে রাখে। ইদানিং জাওয়াদ খিটখিটে আচরণ করে। খাবারে অনীহা প্রকাশ করে। বাবা-মা ডাক্তারের শরণাপন্ন হলে তিনি শিশু পরিচালনার নীতির উপর গুরুত্ব দেন।

ক. শিশু জন্মের প্রথম কয়দিন শাল দুধ অল্প মাত্রায় আসে? ১

খ. শিশুর জীবনে প্রথম পাঁচ বছরের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. জাওয়াদের বিকাশে গৃহপরিচারিকার আচরণ কীরূপ প্রভাব ফেলছে ব্যাখ্যা করো। ৩

ঘ. সুস্থভাবে বেড়ে ওঠার জন্য শিশু পরিচালনার নীতির গুরুত্ব অনেক– ডাক্তারের সাথে তুমি কি একমত? বিশ্লেষণ করো। ৪

৪.▶ মিসেস সোনিয়া একজন স্বাস্থ্যকর্মী। তিনি তিতলীদের পাড়ায় একটি সেমিনারের আয়োজন করলেন। সেমিনারের বিষয় ছিল বুদ্ধি প্রতিবন্ধিতা শনাক্তকরণ। এছাড়াও তিনি বুদ্ধি প্রতিবন্ধিতার সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত কিছু রোগ সম্পর্কে সকলকে অবহিত করলেন। তিনি বলেন, এ রোগ সম্পর্কে জানলে সহজেই বুদ্ধি প্রতিবন্ধিতা শনাক্ত করা সম্ভব।

Teachingbd24.com

ক. কলোস্ট্রামের বর্ণ কীরূপ? ১

খ. শিশু জন্মের সময় প্রতিবন্ধী হওয়ার কারণ কী? ২

গ. সেমিনারের বিষয়বস্তু ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস সোনিয়ার ধারণাটি মূল্যায়ন করো। ৪

৫.▶ ৯ম শ্রেণির ছাত্র শাহেদ। তার মা খুব স্বাস্থ্য সচেতন। তিনি প্রতিদিন মাছ অথবা মাংস, দুধের তৈরি খাবার এবং নাস্তায় বিভিন্ন ধরনের ফলমূল রাখেন। কিন্তু শাহেদ এগুলো কিছুই খেতে চায় না। সে শুধু ফাস্টফুড, বাজারের বিভিন্ন স্বাদের জুস খেতে পছন্দ করে। দিন দিন শাহেদের চোখের সমস্যা দেখা দিচ্ছে এবং দুর্বল বোধ করে। এতে তার মা খুব দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়েছেন।

ক. মেয়েদের বর্ধনের গতি সর্বোচ্চ হয় কত বছর বয়সে? ১

খ. খাদ্যের পুষ্টি উপাদানের মধ্যে কোনটি বেশি গুরুত্বপূর্ণ এবং কেন?২

গ. শাহেদের পুষ্টি চাহিদা ব্যাখ্যা করো। ৩

ঘ. শাহেদের মার দুঃশ্চিন্তা থেকে রেহাই পাওয়ার জন্য লক্ষণীয় বিষয়গুলো এবং করণীয় কী বিশ্লেষণ করো। ৪

৬.▶ মিলি প্রায়ই বাসায় নতুন নতুন খাবার রান্না করেন। এক্ষেত্রে তিনি সবসময় রেসিপি অনুসরণ করেন। তিনি মনে করেন, এতে প্রয়োজনীয় উপাদানগুলো মেপে নেওয়া হয় বলে জিনিসের অপচয় হয় না। রেসিপি অনুসরণ করলে যে কোনো নতুন রান্না আয়ত্তে আনা যায়। এছাড়াও রান্না করা খাবারের মান ও পরিমাণ যাচাই করতে সুবিধা হয়।

ক. আনুষ্ঠানিক ভোজ কাকে বলে?

খ. পরিশ্রমের ধরন ক্যালরির চাহিদাকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. মিলি কীভাবে নতুন রান্না আয়ত্ত করেন ব্যাখ্যা করো। ৩

Teachingbd24.com

ঘ. মিলির রান্না করা খাবারের মান ও পরিমাণ যাচাইয়ের উপায় কী? এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭.▶ মিসেস রিনা খুবই রুচিশীল একজন ভদ্রমহিলা। তিনি পোশাক পরার সময় ঋতুর প্রতি লক্ষ রাখেন। গ্রীষ্মকালে তিনি সুতি ও ফ্ল্যাক্স কাপড়ের পোশাক ও সুতি শাড়ি যেমন পরেন তেমনি বর্ষাকালে জর্জেট কাপড়কেই প্রাধান্য দেন। তার গৃহসজ্জায়ও গ্রীষ্মকালে সুতি কাপড়ই থাকে। এমনকি তার সোফার কভার, পর্দা সবই সুতি কাপড়ের। ফলে তার বাসায় আগত অতিথিরা স্বাচ্ছন্দবোধ করেন।

ক. কোন তন্তুকে তন্তুর রানি বলা হয়? ১

খ. বয়ন তন্তুর পর্যাপ্ত শক্তি থাকতে হবে কেন? ২

গ. মিসেস রিনা কেন গ্রীষ্মকালে উল্লিখিত তন্তুকে প্রাধান্য দেন ব্যাখ্যা করো। ৩

ঘ. অতিথিদের স্বাচ্ছন্দবোধ করার কারণ বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৮.▶ শীলা কাপড় ধোয়ার সময় সাদা ও রঙিন রেশমি কাপড় একসাথে বেশি ক্ষারযুক্ত সাবান পানিতে ভিজিয়ে রাখে। ধোয়ার সময় সে দেখে রঙিন কাপড়ের রং সাদা কাপড়ে লেগে গেছে। পরবর্তী সময়ে সে তার মায়ের কাছে রেশমি বস্ত্র ধোয়ার উপায় জানতে পারে।

ক. সিনথেটিক ডিটারজেন্ট কী? ১

খ. কাপড়ে নীল দিতে হয় কেন? ২

গ. উদ্দীপকের রেশমি কাপড়ের রং চটে যাওয়ার কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শীলা রেশমি কাপড় ধৌত করতে কোন পদ্ধতি অবলম্বন করেছে? তোমার মতামত দাও। ৪

# গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. গৃহব্যবস্থাপনাকে পারিবারিক জীবনের প্রশাসনিক দিক বলে অভিহিত করেছেন কে?**

ক প্লেটো　খ অ্যারিস্টটল

গ নিকেল　ঘ সক্রেটিস

**২. শিশুর প্রথম টীকা হিসেবে কাজ করে কোনটি?**

ক বিসিজি　খ পোলিও

গ হাম　ঘ শালদুধ

**৩. তন্তুর রাজা বলা হয় কোন তন্তুকে?**

ক সুতি　খ লিনেন

গ রেশম　ঘ পশম

**৪. উষ্ণ রঙের বৈশিষ্ট্য হচ্ছে—**

i. অন্যের মনোযোগ বেশি আকর্ষন করে

ii. দূরের জিনিস কাছে টানে

iii. চোখ পীড়িত করে তোলে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii

গ ii ও iii　ঘ i, ii ও iii

**৫. ব্লক প্রিন্টে ব্যবহৃত কাঠের ব্লকগুলো কত ইঞ্চি পুরু হওয়া উচিত?**

ক ২-৩ ইঞ্চি　খ ২-৪ ইঞ্চি

গ ৩-৪ ইঞ্চি　ঘ ৪-৬ ইঞ্চি

**নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

জন্মের সময় তুলির ওজন ছিল ২.৫ কেজি। বর্তমানে এক বছর বয়সেসে হাঁটতে পারে, কথা বলতে পারে, খেলনা দিয়ে খেলতে পারে।

**৬. বর্তমানে তুলির ওজন কত?**

ক ৫ কেজি

খ ৬ কেজি

গ ৭.৫ কেজি

ঘ ৮.৫ কেজি

**৭. তুলির মধ্যে লক্ষ্য করা যায়—**

i. বর্ধনজনিত পরিবর্তন

ii. বিকাশজনিত পরিবর্তন

iii. সমস্যাযুক্ত আচরণ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii

গ ii ও iii　ঘ i, ii ও iii

**৮. ব্যক্তির ব্যক্তিত্বের বহিঃপ্রকাশের হাতিয়ার কোনটি?**

ক শিক্ষা　খ সৌন্দর্য

গ অলংকার　ঘ পোশাক

**৯. টিটি টীকা গ্রহণের ক্ষেত্রে মহিলাদের বয়সসীমা কত?**

ক ১৫-৩০ বছর　খ ১৫-৪০ বছর

গ ১৫-৪৯ বছর　ঘ ১৫-৫০ বছর

**১০. কাজে সফলতাঅর্জনের জন্য কোন গুণটি থাকা অত্যাবশ্যক?**

ক অধ্যবসায়　খ বুদ্ধিমত্তা

গ সৃজনীশক্তি　ঘ অভিযোজ্যতা

**১১. বাজেটের সুবিধা হলো—**

i. পরিবারের অপচয় রোধ করে

ii. পরিবারের আয় বৃদ্ধি পায়

iii. সময় ও শক্তির সাশ্রয় হয়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii

গ ii ও iii　ঘ i, ii ও iii

**১২. আদর্শ রেসিপিতে কোনটি উল্লেখ থাকে?**

ক খাবারের নাম　খ উপকরণ

গ রন্ধন পদ্ধতি　ঘ পরিবেশন সংখ্যা

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**

মিসেস সাহানা দীর্ঘদিন ডায়াবেটিসে আক্রান্ত। অথচ জীবনযাপনের ব্যাপারে তিনি মোটেও সচেতন নন।

Teachingbd24.com

১৩. কোন হরমোনের অভাবে মিসেস শাহানার রোগটি হয়েছে?

ⓚ থাইরক্সিন ⓚ গোনাডোট্রপিক

ⓖ ইনসুলিন ⓖ ইস্ট্রোজেন

১৪. মিসেস শাহানা সুস্থ থাকার জন্য কী করবেন?

ⓚ কম খাবার খাবেন

ⓚ বেশি বেশি ঔষধ খাবেন

ⓖ সারাদিন বিশ্রাম নিবেন

ⓖ শারীরিক পরিশ্রম ও ব্যায়াম করবেন

১৫. শোষিত খাদ্য কিসের মাধ্যমে দেহের বিভিন্ন অংশে পরিচালিত হয়?

ⓚ রক্ত ⓚ লসিকা

ⓖ পিত্তরস ⓖ এনজাইম

১৬. দেহে পানির কাজ হলো—

i. কোষ্ঠকাঠিন্য বৃদ্ধি করা

ii. কোষের স্বাভাবিক কাজ বজায় রাখা

iii. শরীর থেকে বর্জ্য পদার্থ বের করা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii

ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৭. রত্না ডাইনিং টেবিল-চেয়ারকে ছেলেমেয়েদের পড়ার কাজেও ব্যবহার করে। এটি সম্পদে;র কোন ধরনের ব্যবহার?

ⓚ বিকল্প ব্যবহার

ⓚ বিনিময় ব্যবহার

ⓖ বহুবিধ ব্যবহার

ⓖ সময়োপযোগী ব্যবহার

১৮. ৩ বছরের শিশুর বেবি ফ্রকের ঝুল কত হবে?

ⓚ ৪৫.৭০ সে.মি. ⓚ ৪৫.৭২ সে.মি.

ⓖ ৪৬.৭২ সে.মি. ⓖ ৪৭.৭৩ সে.মি.

১৯. কোন সম্পদের সীমাবদ্ধতা সর্বজনীন?

ⓚ সময় ⓚ শক্তি

ⓖ বুদ্ধি ⓖ জ্ঞান

নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :

ফারহানা বেগম সাদা কাপড় ধোয়ার পর কাপড়ে নীল ব্যবহার করেন। কিন্তু কাপড়ে নীল বেশি হওয়ায় তিনি এক ধরনের আনুষঙ্গিক দ্রব্য ব্যবহার করেন।

২০. সাদা কাপড়ে ফারহানা বেগমের ব্যবহৃত দ্রব্যের কাজে—

i. জীবাণু মুক্ত করা ii. উজ্জ্বলতা বৃদ্ধি করা

iii. হলুদ ভাব দূর করা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii

ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. উদ্দীপকে উল্লেখিত আনুষঙ্গিক দ্রব্য কোনটি?

ⓚ স্টার্চ ⓚ গঁদ

ⓖ লবণ ⓖ ভিনিগার

২২. কোনটি উদ্ভিজ্জ প্রোটিন?

ⓚ ডিম ⓚ ডাল

ⓖ দুধ ⓖ মাছ

২৩. মাতৃগর্ভের তাপমাত্রা কত?

ⓚ ৯৮.৪° ফা. ⓚ ৯৯° ফা.

ⓖ ১০০° ফা. ⓖ ১০০.৪° ফা.

২৪. সমাজের মূল ভিত্তি কী?

ⓚ মানুষ ⓚ গৃহ

ⓖ স্কুল ⓖ পরিবার

২৫. ক্ষুধা কমে যাওয়া, ঘুমের ব্যাঘাত হওয়া কিসের লক্ষণ?

ⓚ বিষণ্ণতা ⓚ শারীরিক দুর্বলতা

ⓖ গুরুতর অসুস্থতা ⓖ মানসিক সমস্যা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ |
| | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | | |

Teachingbd24.com